গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd



নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.৯৯.০৪২.২৫-জি.১৩২৯(৫০)-এ/ও

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগষ্ট ২০২৬

## অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সমবায় অধিদপ্তরের আওতাধীন কার্যালয়সমূহের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সমবায় অধিদপ্তরে আগমন করেন এবং নানা রকম তদবীরে ব্যস্ত থাকেন। যা অনভিপ্রেত ও অনাকাংখিত পরিবেশ সৃষ্টি করছে। এ কার্যালয়ের স্মারক নম্বর- ৪৭.৬১.০০০০.০০৪.০১৮.৫৫.৮৯.জি(৩য় খন্ড).৬৬৭(২৮)-এ/ও; তারিখ: ২০.০৪.২০২৬ মূলে এ বিষয়ে পত্র দেওয়া সত্বেও এ বিষয়টিকে গুরুত্ব দেয়া হচ্ছে না। তদবীর করার ফলে কর্তৃপক্ষকে বিব্রতকর পরিস্থিতির সম্মূখীন হতে হচ্ছে। যার ফলে স্বাভাবিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০২. এমতাবস্থায়, নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষের লিখিত অনুমতি স্বাপেক্ষে সমবায় অধিদপ্তরের হেল্প ডেস্কে অনুমতি পত্রের নম্বর ও তারিখ লিপিবদ্ধ করে সমবায় অধিদপ্তরে প্রবেশ করতে হবে।

০৩. এছাড়া এ দপ্তরের অধীন সকল কার্যালয়সমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে লিখিত ছুটি/অনুমতি গ্রহন করে কর্মস্থল ত্যাগ করতে হবে। এ আদেশের ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদনে তা প্রতিফলিত হবে এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদন ও নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

০৯/০৮/২০২৬
মোহাম্মদ সফিকুল ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যাথে অনুলিপি প্রেরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১. অতিরিক্ত নিবন্ধক, (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স)/ অডিট ও আইন/সমিতি ব্যবস্থাপনা/ইপিপি, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২. অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা (তাঁর নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
০৩. যুগ্মনিবন্ধক (সকল), ............................................সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট (তাঁর নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
০৫. সহকারী প্রোগ্রামার (এম.আই.এস), সমবায় অধিদপ্তর, ঢাকা (জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭ অতিরিক্ত নিবন্ধক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. যুগ্মনিবন্ধক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সংশ্লিষ্ট নথি।